

## 20135 - রোযা শুদ্ধ হওয়ার জন্য সেহেরী খাওয়া শর্ত নয়

---

### প্রশ্ন

রমযানের রোযার প্রসঙ্গ বাদ দিয়ে; আমি যদি সোমবার ও বৃহস্পতিবারে সেহেরী না খেয়ে রোযা রাখতে চাই। যেহেতু আমি ফজরের জন্য ও সেহেরী খাওয়ার জন্য জাগতে পারি না। সেহেরী না খেয়ে রোযা রাখা কি জায়েয হবে?

### প্রিয় উত্তর

শাইখ বিন বায (রহঃ) বলেন: "...রোযা শুদ্ধ হওয়ার জন্য সেহেরী খাওয়া শর্ত নয়। বরং সেহেরী খাওয়া মুস্তাহাব। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা সেহেরী খাও; কারণ সেহেরীতে বরকত রয়েছে।"[মুত্তাফাকুন আলাইহি]